

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৬, ২০২১

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন  
প্রজ্ঞাপন

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪২৮ বঙ্গাব্দ/১৪ জুন ২০২১ খ্রিষ্টাব্দ

**Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement  
Regulations, 2014 (as amended in 2016) বাতিলকরণ কল্পে প্রণীত প্রবিধানমালা**

যেহেতু বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে, ধারা ৪০ এর সহিত পঠিতব্য, লাইসেন্সীদের মধ্যে অথবা লাইসেন্সী ও ভোক্তার মধ্যে উদ্ভূত যে কোনো বিবাদ মীমাংসার জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এবং এ বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক ১০ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ তারিখে প্রদত্ত মতামতের ভিত্তিতে যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণপূর্বক প্রণীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিরোধ নিষ্পত্তি প্রবিধানমালা, ২০২১ সরকারি গেজেটে প্রকাশের লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক এস, আর, ও নং ১৭৪-আইন/২০২১ প্রদান করা হইয়াছে; এবং

যেহেতু Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement Regulations, 2014 (as amended in 2016) বাতিলকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই প্রবিধানমালা Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement (Cancel) Regulations, 2021 নামে অভিহিত হইবে।

( ৯০৬৩ )

মূল্য : টাকা ৪.০০

(২) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিরোধ নিষ্পত্তি প্রবিধানমালা, ২০২১ যে তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হইবে, সেই তারিখে Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement (Cancel) Regulations, 2021 কার্যকর বলিয়া গণ্য হইবে।

**২। Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement Regulations, 2014 (as amended in 2016) বাতিলকরণ।—(১) Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement Regulations, 2014 (as amended in 2016) এতদ্বারা বাতিল করা হইল।**

(২) বাতিলকরণ সত্ত্বেও Bangladesh Energy Regulatory Commission Dispute Settlement Regulations, 2014 (as amended in 2016) এর অধীন সম্পাদিত কার্যাদির বিষয়ে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ১০ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ তারিখের মতামতের (চ) অনুচ্ছেদমতে কমিশন প্রয়োজনীয় প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ করিতে পারিবে।

কমিশনের আদেশক্রমে

রুবিনা ফেরদৌসী

সচিব, বিইআরসি।